গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ১৬০/২০১৮ | তারিখ ঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ।

রংপুর জেলা জজ আদালতের " **নাজির** " এর ০১ (এক) টি শূণ্য পদ সংশ্লিষ্ট বিধি মোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির গত ১৪/০৮/২০১৮ খ্রিঃ তারিখের ৪৫২/২০১৮ নং স্মারকমূলে দাখিলী প্রতিবেদনের সুপারিশের আলোকে জনাব মোঃ আজিজুল হক মন্ডল, হিসাবরক্ষক (উচ্চমান সহকারী), হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪ তম গ্রেডে ১০,২০০---২৪,৬৮০/-টাকা বেতন স্কেলে জেলা জজ আদালতের **"নাজির"** এর শূণ্য পদে পদোন্নতি প্রদান করা হইল।

জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর ৮(খ) বিধি মোতাবেক তাহার এই পদোন্নতি ০২ বৎসরের জন্য শিক্ষানবিসকাল হিসাবে গণ্য করা হইবে। শিক্ষানবিসকালে সংশ্লিষ্ট কর্মচারীর আচার আচরণ ও কর্মদক্ষতা সন্তোষজনক প্রতীয়মান না হইলে বিধি মোতাবেক তাহাকে পূর্ব পদে প্রত্যাবর্তন করা হইবে।

তাহাকে আগামী ২০/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের নির্দেশ প্রদান করা হইল ও পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে ০৩ মাসের মধ্যে বিধি মোতাবেক জামানত হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারিত সরকারী খাতে জমা প্রদান করিতে হইবে এবং ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিসিয়াল ষ্ট্যাম্পের উপর ০২ জন স্থানীয় জামিনদার কর্তৃক স্বাক্ষরিত সমপরিমাণ অর্থের ফিডিলিটি বন্ড দাখিল করিতে হইবে।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
( এ,বি,এম নিজামুল হক )
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং ৩৩০(৬)/২০১৮ | তারিখ ঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ/নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদ করণ সংক্রান্ত কমিটি, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। জনাব মোঃ আজিজুল হক মন্ডল, হিসাবরক্ষক (উচ্চমান সহকারী), হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

১৬/০৮/১৮
( এ,বি,এম নিজামুল হক )
সিনিয়র জেলা জজ
রংপুর।